(খ) চলতি অনুপাত ও ত্বরিত অনুপাত নির্ণয় কর। ৪
(গ) মজুত আবর্তন অনুপাত ও দায় মালিকানা অনুপাত নির্ণয় কর। ৪

৮। আফজাল হক লিমিটেড এর উৎপাদন সংক্রান্ত তথ্য নিম্নরূপ :

বিবরণ	টাকা
ব্যবহৃত কাঁচামাল	৯০,০০০
মজুরি	৫০,০০০
কারখানা উপরিব্যয়	৩০,০০০
প্রশাসনিক উপরিব্যয়	১০,০০০

উপরিলিখিত তথ্যের ভিত্তিতে একটি দরপত্র মূল্য নির্ধারণ করতে হবে যার জন্য কাঁচামাল ৮,০০০ টাকা; মজুরি ব্যয় ৫,০০০ টাকা এবং মোট ব্যয়ের উপর ৩০% মুনাফা করা হবে।

(ক) বিক্রয়ের উপর লাভের হার নির্ণয় কর। ২
(খ) উৎপাদন ব্যয় বিবরণী তৈরি কর। ৪
(গ) দরপত্রের মূল্য নির্ধারণ কর। ৪

৯। এলবি কোম্পনি এর ২০১৮ সারের ডিসেম্বর মাসের কাঁচামাল ক্রয় এবং ইস্যুর তথ্যাবলি নিম্নরুপ :

ডিসেম্বর ০১ উদ্বৃত্ত ২০০ একক প্রতি একক ১০ টাকা।
০৪ কাঁচামাল ক্রয় ১৫০ একক প্রতি একক ১১ টাকা।
০৮ কাঁচামাল ইস্যু ৩০০একক।
১৫ কাঁচামাল ক্রয় ১৫০ একক প্রতি একক ১২ একক।
২০ কাঁচামাল ইস্যু ১০০ একক।
২৫ কাঁচামাল ক্রয় ২০০ একক প্রতি একক ১৩ টাকা।
২৬ ঘাটতি পাওয়া গেলে ২০ একক।
৩১ কারখানা হতে ফেরত ২০ একক।

(ক) ডিসেম্বর মাসের মোট ক্রয়ের পরিমাফ কত? ২
(খ) ০১, ০৪, ০৮ ও ২৬ তারিখের তথ্য ব্যবহার করে ঋওঋঙ পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪
(গ) ০১,০৪,২০ ও ২৫ তারিখের তথ্য ব্যবহার করে ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

১০। নাসরিন ও নীলা 'হাবিবা ট্রেডার্স'-এর দুজন কর্মী ২০১৮ সালের জুন মাসে তাদের বেতন সম্পর্কিত তথ্যাবলি নিম্নরূপ :

বিবরণ	নাসরিন	নীলা
মূল বেতন	৮,০০০ টাকা	১০,০০০ টাকা
মহার্ঘ ভাতা	২০%	২০%
বাসস্থান ভাতা	৫০%	৫০%
যাতায়াত ভাতা (মাসিক)	৮০০ টাকা	১,০০০ টাকা
ওভার টাইম (ঘন্টা)	২২ ঘন্টা	২৮ ঘন্টা
ভবিষ্য তহবিল কর্তন	১০%	১০%
সামাজিক নিরাপত্তা তহবিলে কর্তন	৩%	৩%
অগ্রিম বেতন বাবদ কর্তন	-	৬০০ টাকা
স্বাভাবিক কর্মঘন্টা	২০০ ঘন্টা	২০০ ঘন্টা

ওভার টাইম মজুরি স্বাভাবিক মজুরি হারের দ্বিগুণ দেওয়া হবে।

(ক) নীলার ওভার টাইমের টাকার পরিমাণ নির্ণয় কর। ২
(খ) কর্মীদ্বয়ের মোট বেতন নির্ণয় কর। ৪
(গ) প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

১১। ওরিয়ন লিমিটেড এর ২০১৮ বিক্রয় ও অন্যান্য তথ্যাবলি নিচে দেওয়া হলো :

বিবরণ	পরিমাণ (টাকা)
বিক্রয় (প্রতি একক ১০০ টাকা)	২০,০০,০০০
বাদ : পরিবর্তনশীল ব্যয়	১০,০০,০০০
দত্তাংশ	১০,০০,০০০
বাদ : স্থায়ী ব্যয়	৪,০০,০০০
মুনাফা	৬,০০,০০০

(ক) দত্তাংশ অনুপাত নির্ণয় কর। ২
(খ) সমচ্ছেদ বিন্দু (টাকা) এবং নিরাপত্তা প্রান্ত (টাকা) নির্ণয় কর। ৪
(গ) বছরে ২৫,০০,০০০ টাকা মুনাফা অর্জন করতে ওরিয়ন লিমিটেডেকে মোট বিক্রয় একক ও বিক্রয় টাকার পরিমাণ নির্ণয় কর। ৪

বিষয় ঃ হিসাববিজ্ঞান ২য় পত্র

বহুনির্বাচনী প্রশ্ন

০১। নিচের কোনটি আর্থিক বিবরণীর অংশ নয়?

(ক) আয় বিবরণী (খ) সংরক্ষিত আয় বিবরণী (গ) আর্থিক অবস্থার বিবরণী (ঘ) ঋণ পরিশোধ বিবরণী

০২। কারখানা উপরিব্যয় হরো–

(i) পণ্য নকশার ব্যয় (ii) গ্যাস ও পানির ব্যয় (iii) রক্ষণাবেক্ষণ ব্যয়

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

০৩। যদি কোনো ক্লাবের একজন আজীবন সদস্য মারা যান তাহলে তান নিকট হতে প্রাপ্ত চাঁদা কোথায় স্থানান্তর করা উচিত?

(ক) আয় বিবরণীতে (খ) প্রাপ্তি ও প্রদান হিসাব (গ) প্রারম্ভিক মূলধন তহবিলে (ঘ) সমাপনি মূলধন তহবিলে

০৪। বর্তমানে ২৫ বছর বয়সী জনাব 'এক্স' এর নিকট হতে সোনালী ক্লাব আজীবন সভ্যের চাঁদা বাবত ২,৪০,০০০ টাকা গ্রহণ করে। জনাব 'এক্স' এর আনুমানিক আয়ুষ্কাল ৮৫ বছর। প্রতি বছর কত টাকা করে মুনাফা জাতীয় আয় হিসাবে দেখাতে হবে?

(ক) ৯,৬০০ টাকা (খ) ৪,০০০ টাকা (গ) ২,৮২৩.২৫ টাকা (ঘ) ২,১৮১.৮২ টাকা

০৫। অংশীদার কারবার চুক্তির অবর্তমানে-

(i) অংশীদারদের মধ্যে লাভ-লোকসান সমহারে বন্টিত হবে

(ii) সকল অংশীদারদের সম্মতি ব্যতীত নতুন অংশীদার আগমণ ও পুরাতন অংশীদারের অংশীদারিত্বের অবসান করতে পারে

(iii) অংশীদারি ফার্মের দায় অংশীদারদের মধ্যে ব্যক্তিগতভাবে ও সামগ্রিকভাবে বর্তায়

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড় এবং ০৬ ও ০৭ নং প্রশ্নের উত্তর দাও :

ফারহান, ইরতিরাম ও ওয়াসিক একটি অংশীদারী কারবারের তিনজন অংশীদার। অংশীদারি চুক্তি অনুসারে - প্রত্যেক অংশীদার প্রতি মাসের শেষে ৫% হারে সুদে ২,০০০ টাকা করে উত্তোলণ করে।

০৬। উত্তোলণের উপর গড় নিয়মে কত মাসের সুদ বিবেচিত করতে হবে?

(ক) ৬.৫ মাস (খ) ৬ মাস (গ) ৫.৫ মাস (ঘ) ৫.২ মাস

০৭। সকল অংশীদারের উত্তোলনের উপর মোট কত টাকা সুদ ক্রেডিট করতে হবে?

(ক) ৩,৬০০ টাকা (খ) ১,৯৫০ টাকা (গ) ১,৮০০ টাকা (ঘ) ১,৬৫০ টাকা

০৮। IAS-7 অনুযায়ী কোনটি অর্থসংস্থান কার্যক্রমের অন্তর্ভূক্ত?

(ক) সাধারণ শেয়ারের বিনিময়ে জমি ক্রয় করা (খ) নগদে সাধারণ শেয়ার ইস্যু করা

(গ) স্থায়ী সম্পত্তি বিক্রয়জনিত মুনাফা হিসাবভূক্ত করা (ঘ) দীর্ঘমেয়াদী বিনিয়োগ করা

০৯। যখন মূল্যবৃদ্ধির ধারা অব্যাহত থাকে তখন FIFO পদ্ধতিতে মজুত পণ্যের মূল্যায়নের প্রভাবে-

(i) মোট মুনাফা কমে (ii) বিক্রীত পণ্যের বয় কমে (iii) নিট মুনাফা বাড়ে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

১০। "নির্দিষ্ট স্তর পর্যন্ত একক্প্রতি ব্যয় পরিবর্তনশীল কিন্তু মোট ব্যয় স্থির"- উক্তিটি নিচের কোন ব্যয়ের সাথে সম্পৃক্ত ।?

(ক) স্থির ব্যয় (খ) পরিবর্তনশীল ব্যয় (গ) সুযোগ ব্যয় (ঘ) মান ব্যয়

১১। ৫ বছর পূর্বে একটি মেশিন ২০,০০,০০০ টাকায় ক্রয় করা হয়েছিল যার বর্তমান পুস্তক মূল্য ১৬,০০,০০০ টাকা। বর্তমানে একটি নতুন মেশিন ক্রয় করা হলো এবং পুরাতান মেশিনটি ৬,০০,০০০ টাকায় বিক্রি করা হলো। মেশিনটি নিমজ্জিত ব্যয় কত?

(ক) ৪,০০,০০০ টাকা (খ) ১০,০০,০০০ টাকা (গ) ১৪,০০,০০০ টাকা (ঘ) ১৬,০০,০০০ টাকা

১২। বিক্রয়ের উপর মুনাফার হার ২০% হলে, বিক্রীত পণ্যের বয়য়ের উপর শতকরা হার কত?

(ক) ৩৩.৩৩% (খ) ২৫% (গ) ২০% (ঘ) ১৬.৬৭%

১৩। অপরিচালন আয় হলো-

(i) বিনিয়োগের সুদ (ii) কমিশন প্রাপ্তি (iii) শিক্ষানবিশ সেলামি

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

১৪। কোম্পানির লভ্যাংশের যে অংশ এখনও কেউ দাবি করেনি, তাকে বলে-

(ক) চূড়ান্ত লভ্যাংশ (খ) ঘোষিত লভ্যাংশ (গ) দাবিহীন লভ্যাংশ (ঘ) অন্তবর্তীকালীন লভ্যাংশ

১৫। বাজেট হলো-

(ক) ভবিষ্যৎ পরিকল্পনার সংখ্যাত্মক প্রকাশ (খ) বর্তমান পরিকল্পনার তালিকা প্রকাশ

(গ) অতীত ও ভবিষ্যৎ পরিকল্পনার সংখ্যাত্মক প্রকাশ (ঘ) অতীত আর্থিক ঘটনার সংখ্যাত্ম প্রকাশ

নিচের উদ্দীপকটি পড় এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও :

যমুনা কোং লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ১০,০০০ শেয়ার নিয়ে নিবন্ধিত হয়। কোম্পানির প্রতিটি শেয়ার ১০% অধিহারে ৮,০০০ শেয়ার ইস্যু করে। কোম্পানি ১০,০০০ শেয়ারের আবেদনপত্র পেল।

১৬। মোট অধিহারের পরিমাণ কত টাকা?

(ক) ৮,০০০ টাকা (খ) ১০,০০০ টাকা (গ) ৮০,০০০ টাকা (ঘ) ৮৮,০০০ টাকা

১৭। অধিহারে শেয়ার ইস্যুর ফলে কোম্পানির আর্থিক অবস্থায় কী প্রভাব পড়বে?

(ক) অনুমোদিত মূলধন বৃদ্ধি পাবে (খ) বিলিকৃত মূলধন হ্রাস পাবে

(গ) মূলধনজাতীয় আয় বৃদ্ধি পাবে (ঘ) মুনাফাজনিত আয় বৃদ্ধি পাবে

১৮। দৈনিক কত ঘন্টা কাজ করলে একজন শ্রমিক ওভারটাই মজুরি পাবে?

(ক) ৬ ঘন্টা (খ) ৭ ঘন্টা (গ) ৮ ঘন্টা (ঘ) ৯ ঘন্টা

১৯। রুপান্তর ব্যয়ের উপাদান-

(i) প্রত্যক্ষ কাঁচামাল (ii) প্রত্যক্ষ শ্রম (iii) কারখানার উপরিব্যয়

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

২০। বিন কার্ড সংরক্ষন করেন কে?

(ক) গুদামরক্ষক (খ) ফোরম্যান (গ) ক্যাশিয়ার (ঘ) হিসাবরক্ষক

২১। বাংলাদেশে প্রচলিত কোম্পানি আইন কত সালের?

(ক) ১৯১৩ (খ) ১৯৩২ (গ) ১৯৯১ (ঘ) ১৯৯৪

২২। FOB এর পূর্ণরূপ কোনটি?

(ক) Free ob Bill (খ) Free ob Board (গ) Free ob Boat (ঘ) Fees ob Board

নিচের উদ্দীপকটি পড় এবং ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও :

আবরার অ্যান্ড কোং এর একক প্রতি বিক্রয় মূল্য ৫০ টাকা, একক প্রতি পরিবর্তন ব্যয় ৩০ টাকা এবং মোট স্থির ব্যয় ৩,০০,০০০ টাকা।

২৩। কোম্পানিটির কন্ট্রিবিউশন মার্জিনের অনুপাত কত?

(ক) ২৫% (খ) ৪০% (গ) ৫০% (ঘ) ৬০%

২৪। মোট সমচ্ছেদ বিক্রয় একক কত হবে?

(ক) ১৫,০০০ একক (খ) ২০,০০০ একক (গ) ২৫,০০০ একক (ঘ) ৩০,০০০ একক

২৫। মূলধন জাতীয় প্রাপ্তি ও প্রদান দ্বারা কী বুঝায়?

(ক) দায় ও ব্যয় (খ) দায় ও সম্পদ (গ) আয় ও সম্পদ (ঘ) আয় ও ব্যয়

২৬। কোনটি নগদ প্রবাহ বিবরণীর পরিচালন কার্যবলিতে নিট আয়ের সাথে যোগ করা হয়?

(ক) অগ্রিম খরচ বৃদ্ধি (খ) মজুত পণ্য বৃদ্ধি (গ) বকেয়া খরচ বৃদ্ধি (ঘ) বকেয়া খরচ হ্রাস

২৭। আর্থিক বিবরণী কত সময়ের জন্য তৈরী করা হয়?

(ক) ১ বছরের জন্য (খ) ৬ মাসের জন্য (গ) ১ মাসের জন্য (ঘ) যে কোন উপযুক্ত সময়ের জন্য

২৮। পাবলিক লিমিটেড কোম্পানি কখন ব্যবসায় শুরু করতে পারে?

(ক) নিবন্ধনপত্র পাওয়ার পর (খ) প্রত্যয়নপত্র পাওয়ার পর

(গ) কার্যারম্ভের অনুমতি পাওয়ার পত্র (ঘ) বিবরণপত্র জারি করার পর

নিচের উদ্দীপকটি পড় এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও :

রাফি লিমিটেড এর অনুমোদিত মূলধন ৫০,০০০ টাকা। প্রতিটি ১০ টাকা মূল্যের শেয়ার দ্বারা বিভক্ত। কোম্পানি ৫% অবহারে ৩,৫০০ শেয়ার ইস্যু করে।

২৯। কোম্পানির মোট আদায়কৃত মূলধনের পরিমাণ কত?

(ক) ৫০,০০০ টাকা (খ) ৪৭,৫০০ টাকা (গ) ৩৫,০০০ টাকা (ঘ) ৩৩,২৫০ টাকা

৩০। কোম্পানির অলীক সম্পদের পরিমাণ কত হবে?

(ক) ৫,০০০ (খ) ৩,৫০০ (গ) ২,৫০০ (ঘ) ১,৭৫০

বিষয় ঃ হিসাববিজ্ঞান ২য় পত্র

সমাধান

সৃজনশীল প্রশ্ন

১। নাদিয়া লিমিটেড-এর অনুমোদিত মূলধন ১০,০০,০০০ টাকা। এই অনুমোদিত মূলধন প্রতিটি ১০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ারে বিভক্ত। ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির রেওয়ামিলটি ছিল নিম্নরূপ :

নাদিয়া লিমিটেড
রেওয়ামিল
২০১৮ সালের ৩১ ডিসেম্বর

হিসাবের নাম	ডেবিট (টাকা	ক্রেডিট (টাকা)
প্রারম্ভিক মজুত পণ্য	৫০,০০০	
ক্রয়	১,৪০,০০০	
বিক্রয়		১,৬৫,০০০
ফেরত	৫,০০০	৪,০০০
মজুরি	৪০,০০০	
ঋণপত্রের সুদ	৫,০০০	
বিজ্ঞাপন	২০,০০০	
অনাদায়ি পাওনা	১০,০০০	
ইস্যুকৃত ও তলবকৃত মূলধন (৩০,০০০ শেয়ার)		৩,০০,০০০
১০% ঋণপত্র		৭০,০০০
যন্ত্রপাতি	১,৫০,০০০	
আসবাবপত	৮০,০০০	
অনাদায়ী পাওনা সঞ্চিতি		৮,০০০
প্রাপ্য হিসাব	৪৫,০০০	
প্রদত্ত লভ্যাংশ	১৫,০০০	
মনিহারি	৭,০০০	
সাধারণ সঞ্চিতি		২০,০০০
১০% বিনিয়োগ	৪০,০০০	
আয়কর সঞ্চিতি		৪০,০০০
বহিঃ পরিবহন	১০,০০০	
সংরক্ষিত আয়ের উদ্বৃত্ত (০১-০১-২০১৮)		১০,০০০
	৬,১৭,০০০	৬,১৭,০০০

সমন্বয়সমূহ :

(i) বিজ্ঞাপনের উদ্দেশ্যে ৬,০০০ টাকার পণ্য বিনামূল্যে ভোক্তাদের মধ্যে বিতরণ করা হয়েছে। কিন্তু হিসাবের বইয়ে লেখা হয়নি।

(ii) যন্ত্রপাতির উপর ৫% হারে অবচয় ধরতে হবে।

(iii) অনাদায়ি পাওনা সঞ্চিতি কমিয়ে ৬,০০০ টাকায় আনতে হবে।

(iv) সমাপনী মজুতপণ্য মূল্যায়ন করা হয়েছে ৫০,০০০ টাকা যার মধ্যে অব্যবহৃত মনিহারি ২,০০০ টাকা অন্তর্ভুক্ত আছে।

(v) ২০১৮ সালের জন্য কোম্পানি ১০% লভ্যাংশ ঘোষণা করেছে।

(vi) আয়কর সঞ্চিতি ১০,০০০ টাকা বৃদ্ধি করতে হবে।

(ক) নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) নাদিয়া লিমিটেড ২০১৮ সালের মোট মুনাফা ১,০২,০০০ টাকা ধরে উক্ত বছরের পরিচালন মুনাফা নির্ণয় কর। ৪

(গ) নাদিয়া লিমিটেড-এর ২০১৮ সালের নিট মুনাফা ৩০,৫০০ টাকা ধরে ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য "মালিকানা স্বত্ব" বিবরণী প্রস্তুত কর। ৪

২। পদ্মা লিমিটেড এর রেওয়ামিল নিম্নে দেওয়া হলেঅ :

পদ্মা লিমিটেড
রেওয়ামিল
৩১ ডিসেম্বর ২০১৮

হিসাবের নাম	ডেবিট (টাকা	ক্রেডিট (টাকা)
মূলধন (১,২০,০০০ শেয়ার প্রতি শেয়ার ১০ টাকা করে)		১২,০০,০০০
নগদ	৭৫,০০০	
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	৬,০০,০০০	৩,৫০,০০০
মজুত পণ্য	১,৫০,০০০	
যন্ত্রপাতি (নিট)	১৫,০০,০০০	
১০% ঋণপত্র (০১-০৪-২০১৮)		২,০০,০০০
সাধারণ সঞ্চিতি তহবিল		১,৫০,০০০
সংরক্ষিত আয় (০১-০১-২০১৮)		২,২৫,০০০
বিক্রয় ফেরত এবং বিক্রয়	১৫,০০০	১১,০০,০০০
প্রদত্ত বাট্টা	৫,০০০	
বিক্রীয় পণ্যের ব্যয়	৭,৩৫,০০০	
বিমা সেলামি (১৫ মাস)	৪৫,০০০	
শিক্ষানবিস সেলামি (২ বছর)		২০,০০০
বেতন খরচ	৯৫,০০০	
সাধারণ খরচ	২৫,০০০	
	৩২,৪৫,০০০	৩২,৪৫,০০০

(১) নিট মুনাফা (যদি হয়) এর ২০% সাধারণ সঞ্চিতি তহবিলে স্থানান্তর করতে হবে।

(২) ২০১৮ সালের জন্য ১০% লভ্যাংশ ঘোষণা করা হয়েছে।

(ক) চলতি বছরের নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) মোট মুনাফা পরিমাণ ৩,৪৫,০০০ টাকা ধরে বিশদ আয় বিবরণী সম্পন্ন কর। ৪

(গ) চলতি বছর শেষে কোম্পানির মালিকানা স্বত্ব পরিবর্তন বিবরণী প্রস্তুত কর। ৪

৩। নবারুন স্মৃতি সংঘ ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য নিম্নোক্ত প্রাপ্তি ও প্রদান হিসাব প্রস্তুত কর :

নবারুণ স্মৃতি সংঘ

প্রাপ্তি ও প্রদান হিসাব

ডেবিট			ক্রেডিট
প্রাপ্তিসমূহ	**টাকা**	**প্রদানসমূহ**	**টাকা**
নগদ ও ব্যাংক (০১-০১-১৭)	২৩,০০০	বেতন	৬,০০০
চাঁদা : ২০১৬	২,০০০	ছাপা ও মনিহারি	১,৫০০
২০১৭	৩০,০০০	সাধারণ খরচাবলি	৪,৮০০
২০১৮	১,০০০	টেলিফোন খরচ	১,০০০
বিনিয়োগের সুদ	৩,০০০	আসবাবপত্র ক্রয় (০১-০৭-১৭)	৮,০০০
উইলকৃত সম্পদ	১৫,০০০	দায় খয়রাত	১৬,০০০
অনুদাপন প্রাপ্ত	১০,০০০	ভাড়া	১৪,০০০
বিবিধ প্রাপ্তি	১,০০০	নগদ ও ব্যাংক (৩১-১২-১৭)	৩৩,৭০০
	৮৫,০০০		৮৫,০০০

অন্যান্য তথ্যাবলি :

(i) ১ জানুয়ারী ২০১৭ তারিখে ক্লাবের অন্যান্য সম্পত্তি ছিল- দালানকোঠা ১,০০,০০০ টাকা, আসবাবপত্র ২০,০০০ টাকা এবং ১০% বিনিয়োগ ৪০,০০০ টাকা।

(ii) বেতনের ১,০০০ টাকা বিগত বছরের জন্য পরিশোধ করা হয়েছে, কিন্তু চলতি বছরের বেতন ২,০০০ টাকা এখনও অপরিশোধিত আছে।

(iii) ছাপা ও মনিহারি খরচ ৫০০ টাকা বকেয়া আছে, কিন্তু সাধারণ খরচাবলি ৮০০ টাকা অগ্রিম প্রদান করা হয়েছে।

(iv) চলতি বছরের চাঁদা এখনও ৪,০০০ টাকা আদায় হয়নি।

(v) দালানকোঠার উপর ৫% এবং আসবাবপত্রের উপর ১০% অবচয় ধার্য কর।

(ক) বছরের শেষে নিট স্থায়ী সম্পদের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) প্রারম্ভিক মূলধন তহবিল নির্ণয় কর। ৪

(গ) ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরে মোট ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

৪। সুজন, শাফিন ও হালিমা একটি অংশীদার কারবারের তিনজন অংশীদার। তাদের লাভ লোকসানের অনুপাত যথাক্রমে $\frac{১}{২} : \frac{১}{৩} : \frac{১}{৬}$। ২০১৮ সালে ১ জানুয়ারী তারিখে অংশীদারদের মূলধনের পরিমাফ ছিল : সুজন ১,৮০,০০০ টাকা, শাফিন ১,৬০,০০০ টাকা এবং হালিমা ১,৪০,০০০ টাকা। সুজন এবং হালিমা তাদের সার্বক্ষনিক দায়িত্ব পালনের জন্য কারবার হতে যথাক্রমে ২,০০০ টাকা এবং ১,৫০০ টাকা করে মাসিক বেতন পাবেন। প্রত্যেক মাসের প্রথম তারিখে অংশীদারগণ কারবার হতে যথাক্রমে ১,২০০ টাকা, ৮০০ টাকা এবং ৬০০ টাকা করে নগদ উত্তোলণ করেছেন। মুলধন ও উত্তোলণের উপর বার্ষিক ৫% সুদ ধার্য করতে হবে। বৎসরের মাঝামাঝি সময়ে শাফিন ২০,০০০ টাকা ঋণ স্বরূপ করবারে প্রদান করেন। সুজন, শাফিনকে এই মর্মে নিশ্চয়তা প্রদান করেছিলেন যে, শাফিন তার মূলধন সুদ এবং ঋণের সুদ ছাড়াও লাভের অংশ বাবদ বছরে কমপক্ষে ২৫,০০০ টাকা পাবেন।

উপরোক্ত সমন্বয়গুলো সাধন করার পূর্বে ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য কারব্যারের নিট মুনাফা হয়েছিল ১,৩৫,০০০ টাকা।

(ক) অংশীদারদের উত্তোলণের সুদ নির্ণয় কর। ২

(খ) অংশীদারদের লাভ-লোকসান আবন্টন হিসাব প্রস্তুত কর। ৪

(গ) ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য সুজন এবং হালিমা'র মূলধন হিসাব প্রস্তুত কর। (যখন বন্টনযোগ্য মুনাফা সুজন ৩২,৬৫০ টাকা এবং হালিমা ১১,৫৩০ টাকা)। ৪

৫। অটবি লিমিটেড এর ২০১৭ ও ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখের তুলনামূলক আর্থিক অবস্থার বিবরণী নিম্নরূপ :

হিসাবের নাম	**২০১৮ (টাকা**	**২০১৭ (টাকা)**
চলতি সম্পদ :		
নগদ তহবিল	১,৫০,০০০	৮০,০০০
প্রাপ্য হিসাব	৭০,০০০	৭৫,০০০
মজুত পণ্য	১,১০,০০০	৯০,০০০
	৩,৩০,০০০	২,৪৫,০০০
চলতি দায় :		
বকেয়া খরচ	২০,০০০	১২,০০০
প্রদেয় হিসাব	৭০,০০০	৮০,০০০
প্রদেয় আয়কর	৫,০০০	৮,০০০
	৯৫,০০০	১,০০,০০০

অন্যান্য তথ্যাবলি :

(১) আসবাবপত্র ক্রয় ১,০০,০০০ টাকা ও পুরাতন যন্ত্রপাতি বিক্রয় ২০,০০০ টাকা।

(২) শেয়ার ইস্যু ১,৫০,০০০ টাকা ও নগদ লভ্যাংশ প্রদান ১০,০০০ টাকা।

(ক) চলতি সম্পদ ও চলতি দায়ের তুলনামূলক হ্রাস-বৃদ্ধি দেখাও। ২

(খ) নিট মুনাফার পরিমাণ ৩০,০০০ টাকা ধরে পরিচালন কার্যক্রমের মাধ্যমে নগদ প্রবাহের পরিমাণ দেখাও। ৪

(গ) উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে একটি নগদ প্রবাহ বিবরণী প্রস্তুত কর। ৪

৬। মোফাজ্জেল কোম্পানি লিমিটেড প্রতিটি ৮০ টাকা মূল্যের ১০,০০০ শেয়ারে বিভক্ত ৮,০০,০০০ টাকার অনুমোদিত মূলধন নিয়ে গঠিত কোম্পানি উহার ১০% অধিহারসহ ৩,০০০ শেয়ারের বিনিময়ে ২,৬৪,০০০ টাকা মূল্যের ভূমি ক্রয় করে। পরিচালক পর্ষদ অবশিষ্ট শেয়ার হতে ৫,০০০ শেয়ার ১০% অধিহারে ইস্যু করেন। মোট ৫,৫০০ শেয়ারের আবেদন পাওয়া গেল। কোম্পানি যথারীতি ৫,০০০ শেয়ার আবেদনকারীদের মধ্যে বন্টন করে এবং অতিরিক্ত আবেদনের অর্থ ফেরত দেওয়া হলো।

(ক) অধিহারের মোট টাকার পরিমাণ নির্ণয় কর। ২

(খ) কোম্পানির হিসাব বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নাই) ৪

(গ) ব্যাংক জমা ৪,৪০,০০০ টাকা ধরে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৭। আরাফাত লিমিটেড এর ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখের আর্থিক অবস্থা ও অন্যান্য তথ্যাবলি নিম্নরূপ :

মূলধন ও দায়সমূহ	**টাকা**	**সম্পদসমূহ**	**টাকা**
শেয়ার মূলধন	৩,০০,০০০	যন্ত্রপাতি	১,৩৫,০০০
সংরক্ষিত আয়	৬০,০০০	আসবাবপত্র	১,২০,০০০

১০% ঋণপত্র	৭৫,০০০	দালান-কোঠা	১,৫০,০০০
প্রদেয় হিসাব	৫৭,০০০	সমাপনী মজুত পণ্য	৫২,০০০
ব্যাংক জমাতিরিক্ত	৩০,০০০	প্রাপ্য হিসাব	৩৭,৫০০
বকেয়া খরচ	৪,০০০	হাতে নগদ	২৬,০০০
		অগ্রিম ব্যয়	৫,০০০
	৫,২৬,০০০		৫,২৬,০০০

প্রারম্ভিক মজুত পণ্য ৩০,০০০ টাকা। বিক্রয় ৪,৫০,০০০ টাকা (৮০% ধরে)। বিক্রয়ের উপর মোট লাভের হার ২০%।

(ক) চলতি অনুপাত নির্ণয় কর। ২

(খ) কার্যকরী মূলধন অনুপাত এবং ত্বরিত অনুপাত নির্ণয় কর। ৪

(গ) মন্তব্যসহ মজুদ আবর্তন অনুপাত এবং প্রাপ্য হিসাব আবর্তন অনুপাত নির্ণয় কর। ৪

৮। জনাব আরিফ একজন আসবাবপত্র প্রস্তুতকারক। তিনি ৫০০টি চেয়র তৈরির জন্য নিম্নোক্ত ব্যয়গুলো নির্বাহ করেছেন :

বিবরণ	
কাঠ ক্রয়	১০,০০,০০০ টাকা
কাঠের পরিবহন খরচ	৫০,০০০ টাকা
কারখানা উপরিব্যয় (প্রত্যক্ষ ব্যয়ের)	৩০%
শ্রমিকের মজুরি	৩,০০,০০০ টাকা
বিক্রয় ও বিতরণ খরচ	৫০,০০০ টাকা
অফিস ও প্রশাসনিক উপরিব্যয়	৭০,০০০ টাকা

(ক) মোট প্রত্যক্ষ ব্যয় নির্ণয় কর। ২

(খ) বিক্রয়ের উপর ২০% লাভ করতে চাইলে প্রতিটি চেয়ার কি দরে বিক্রয় করতে হবে? নির্ণয় কর। ৪

(গ) কাঁচামালের ব্যয় ১৫% এবং মজুরি ১০% হারে বৃদ্ধি করে উৎপাদন ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

৯। উর্বানা লিমিটেড এর উৎপাদন ব্যয় সম্পর্কিত তথ্যাবলি নিম্নরূপ :

বিবরণ	(টাকা)
কাঁচামালের মজুত (০১-০১-২০১৮)	৭৫,০০০
কাঁচামালের মজুত (৩১-১২-২০১৮)	৯০,০০০
তৈরি পণ্যেল মজুত (০১-০১-২০১৮)	৮০,০০০
তৈরি পণ্যেল মজুত (৩১-১২-২০১৮)	৯০,০০০
কাঁচামাল ক্রয়	৭,৫০,০০০
প্রত্যক্ষ মজুরি	৫,৬৫,০০০
পরোক্ষ কাঁচামাল	২৫,০০০
পরোক্ষ মজুরি	৪৫,০০০
কারখানার উপরিখরচ	৯০,০০০
অফিস ও প্রশাসনিক খরচ	১,২০,০০০
বিক্রয় ও বিতরণ খরচ	৬০,০০০
বিক্রয় মূল্য	১৯,৩০,০০০

(ক) ব্যবহৃত কাঁচামালের ব্যয় নির্ণয় কর। ২

(খ) বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪

(গ) আয় বিবরণী প্রস্তুত কর। ৪

১০। মুকুল ফার্নিচারের ডিসেম্বর ২০১৮ মাসের ব্যয় ও খরচসমূহ নিম্নরূপ :

বিবরণ	
প্রত্যক্ষ শ্রম	৮০,০০০
ব্যবহৃত কাঁচামাল	১,৩০,০০০
পরোক্ষ শ্রম	২০,০০০
কারখানা উপযোগ খরচ	১২,০০০
শোরুমের ভাড়া	৮,০০০
কারখানা ব্যবস্থাপকের বেতন	২০,০০০
সরবরাহ ট্রাকের অবচয়	৬,০০০
বিজ্ঞাপন অবচয়	১৫,০০০
বিক্রয় অফিসের বেতন	৩০,০০০
পরোক্ষ মাল	৮০,০০০

(ক) মূখ্য ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) কারখানা উপরিব্যয়ের পরিমাণ নির্ণয় কর ও মোট পণ্য ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

(গ) মোট কালীন ব্যয়ের পরিমাণ নির্ণয় কর এবং মোট পণ্য ব্যয়ের উপর কারীন ব্যয়ের শতকরা হার নির্ণয় কর। ৪

১১। মুন স্টার লি.-এর ২০১৭ ও ২০১৮ সালের বিক্রয় ও লাভ লোকসানের পরিমান নিম্নরুপ :

বছর	বিক্রয়	মুনাফা/লোকসান
২০১৭	১,০০,০০০	(১০,০০০)
২০১৮	১,৪০,০০০	১০,০০০

(ক) মুনাফা পরিমাণ অনুপাত নির্ণয় কর। ২

(খ) স্থায়ী ব্যয় ও সমচ্ছেদ বিক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

(গ) বিক্রয় ১,৯০,০০০ টাকা হলে, মুনাফা পরিবর্তনশীল ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

বিষয় ঃ হিসাববিজ্ঞান ২য় পত্র

বহুনির্বাচনী প্রশ্ন

০১। শম্পা কোম্পানির প্রারম্ভিক মজুত, সমাপনি মজুত ও বিক্রয়ের পরিমাণ যদি যথাক্রমে ৬,০০০ একক, ১৪,০০০ একক ও ২৫,০০০ একক হয়, তবে উৎপাদনের পরিমাণ কত?

(ক) ৫,০০০ একক (খ) ১৭,০০০ একক (গ) ৩৩,০০০ একক (ঘ) ৪৫,০০০ একক

নিচের উদ্দীপকটি পড় এবং ০২ ও ০৩ নং প্রশ্নের উত্তর দাও :

বাবলা লিমিটেড এর সংরক্ষিত আয়ের প্রারম্ভিক ও সমাপনি উদ্বৃত্ত যথাক্রমে ৬০,০০০ টাকা ও ৪০,০০০ টাকা এবং চলতি বছরের নিট মুনাফা ৩০,০০০ টাকা

০২। লভ্যাংশ প্রদান কোন কার্যক্রমের অন্তর্ভূক্ত?

(ক) পরিচালন (খ) বিনিয়োগ (গ) অর্থায়ন (ঘ) তাৎপর্যপূর্ণ অ-নগদ

০৩। চলতি বছরে বাবলা লি. এর প্রদত্ত লভ্যাংশের পরিমাণ কত?

(ক) ৫০,০০০ টাকা (খ) ৬০,০০০ টাকা (গ) ৭০,০০০ টাকা (ঘ) ৯০,০০০ টাকা

০৪। শেয়ার বাজারের সাথে সম্পৃক্ত BO Account শব্দের সঠিক পূর্ণরূপ কোনটি?

(ক) Beneficiary Owners Account (খ) Beneficiary Owned Account

(গ) Beneficiary Outlets Account (ঘ) Beneficiary Opening Account

০৫। নিচের কোনটি একটি লিমিটেড কোম্পানির আয় বিবরণীর উপাদানও নয়, খরচও নয়?

(ক) ঋণের সুদ (খ) লভ্যাংশ (গ) নগর শুল্ক (ঘ) সুনামের অবলোপন

০৬। হিসাব বিজ্ঞানের কোন নীতিতে স্থায়ী সম্পত্তি লিপিবদ্ধ করা হয়?

(ক) ঐতিহাসিক মূল্য নীতি (খ) রক্ষণশীল নীতি (গ) সামঞ্জস্যতার নীতি (ঘ) পূর্ণ প্রকাশ নীতি

০৭। তারল্য সম্পত্তি হলো–

(i) নগদ তহবিল (ii) অগ্রিম ব্যয় (iii) প্রাপ্য হিসাব

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

০৮। নিচের কোনটি মিশ্র ব্যয়?

(ক) কারখানা ভাড়া (খ) বৈদ্যুতিক খরচ (গ) শ্রমিকের মজুরি (ঘ) যন্ত্রপাতির অবচয়

নিচের উদ্দীপকটি পড় এবং ০৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও :

একটি প্রতিষ্ঠানে ২০১৮ সালে বিক্রয়ের পরিমাণ ছিল ৫০,০০০ টাকা (যার ২০% ধারে), ক্রয়ের পরিমাণ ৪০,৮০০০ টাকা, বহন খরচ ৪,২০০ টাকা, প্রারম্ভিক মজুত ৪,০০০ টাকা ও সমাপনী মজুত ৬,০০০ টাকা।

০৯। বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ কত?

(ক) ৪৩,০০০ টাকা (খ) ৩৯,০০০ টাকা (গ) ৩৮,৮০০ টাকা (ঘ) ৩৪,৮০০ টাকা

১০। যদি সমাপনী মজুত পণ্যের মূল্য ৮,০০০ টাকা হয়, তাহলে কারবারের আর্থিক অবস্থায় কী প্রভাব পড়বে?

(ক) মোট লাভ হ্রাস পাবে (খ) নিট লাভ হ্রাস পাবে

(গ) মোট লাভ বৃদ্ধি পাবে (ঘ) দায় বৃদ্ধি পাবে

১১। অব্যবসায়ী প্রতিষ্ঠান প্রাপ্তি প্রদান হিসাবের জের দিয়ে বুঝায়–

(i) হাতে নগদ (ii) ব্যাংক জমা (iii) আয় বা ক্ষতি
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড় এবং ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও :
মাহমুদ ট্রেডার্স এর ২০১৮ সালে স্থায়ী খরচের পরিমাণ ১,৮০,০০০ টাকা, একক প্রতি পরিবর্তনশীল ব্যয় ২০ টাকা এবং একক প্রতি বিক্রয় ৫০ টাকা। ঐ আর্থিক বছরে তিনি ১০,০০০ একক পণ্য বিক্রয় করেন।

১২। কন্ট্রিবিউশন মার্জিন অনুপাত কত?
(ক) ০.২৮৬ (খ) ০.৪০ (গ) ০.৬০ (ঘ) ০.৭১৪

১৩। স্থায়ী ব্যয় হ্রাস পেলে কারবারে নিম্নের কোন বিষয়টি প্রস্তাবিত হবে?
(ক) সমচ্ছেদ বিক্রয়ের পরিমাণ হ্রাস পাবে (খ) সমচ্ছেদ বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি পাবে
(গ) নিরাপত্তা প্রান্ত হ্রাস পাবে (ঘ) কন্ট্রিবিউশন মার্জিন বৃদ্ধি পাবে

১৪। অংশীদারি ব্যবসায় পরিচালনা করে কে?
(ক) অংশীদার (খ) ব্যবস্থাপক (গ) পরিচালক (ঘ) পরিচালনা পর্ষদ

১৫। অলীক সম্পদ হলো–
(i) শেয়ার অধিহার (ii) প্রাথমিক খরচ (iii) অবলেখকের দস্তুরি
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

১৬। একটি কোম্পানির ৩১,৫০০ টাকা মূলধন রয়েছে এবং চলতি অনুপাত ৫ : ২। চলতি দায়ের পরিমাণ কত টাকা?
(ক) ২১,০০০ টাকা (খ) ১৯,৫০০ টাকা (গ) ১২,৬০০ টাকা (ঘ) ৯,০০০ টাকা

১৭। স্থির খরচযুক্ত তহবিল হলো–
(i) দীর্ঘমেয়াদী ঋণপত্র (ii) প্রদেয় হিসাব (iii) অগ্রাধিকার শেয়ার
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

১৮। মুনাফা অর্জন ক্ষমতা অনুপাত হলো–
(i) মোট লাভ অনুপাত (ii) বিনিয়োজিত মূলধন আবর্তন অনুপাত (iii) প্রাপ্য হিসাব আবর্তন অনুপাত
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

১৯। বিনিয়োজিত মূলধন নির্ণয়ে অন্তর্ভূক্ত হবে–
(i) শেয়ার মূলধন (ii) প্রদেয় হিসাব (iii) সাধারণ সঞ্চিতি
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

২০। উৎপাদন ব্যয় হিসাবের প্রধান দুটি উদ্দেশ্য হলো–
(ক) ব্যয় নির্ধারণ ও ব্যয় নিয়ন্ত্রণ (খ) একক প্রতি ব্যয় নির্ধারণ ও লাভ ক্ষতি নির্ধারণ
(গ) বিক্রয় মূল্য নির্ধারণ ও তথ্য সরবরাহ (ঘ) তথ্য সরবরাহ ও ব্যয় নির্ধারণ

২১। মাল খতিয়ান কোথায় সংরক্ষণ হয়ে থাকে?
(ক) ক্রয় বিভাগ (খ) গুদাম ঘরে (গ) আর্থিক হিসাব বিভাগে (ঘ) উৎপাদন ব্যয় বিভাগে

২২। বেতন পূরক হলো–
(i) বাড়ী ভাড়া ভাতা (ii) টিফিন ভাতা (iii) বিনিয়োগ ভাতা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

২৩। মজুত পণ্য ব্যবস্থাপনার উদ্দেশ্য হলো–
(i) মজুত ব্যয় হ্রাস করা (ii) অধিক পরিমাণ কাঁচামাল ক্রয়
(iii) মজুত পণ্যের ঘাটতি যেন না পড়ে সেদিকে লক্ষ্য রাখা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

২৪। কোন ব্যয় একাধিক বিকল্পের মধ্যে পার্থক্য তৈরি করে?
(ক) সুযোগ ব্যয় (খ) নিমজ্জিত ব্যয় (গ) অপরিহায্য ব্যয় (ঘ) প্রাসঙ্গিক ব্যয়

২৫। পরিবর্তনশীল ব্যয়–
(i) একক প্রতি পরিবর্তনশীল (ii) মোট ব্যয় পরিবর্তনশীল (iii) একক প্রতি স্থির
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

২৬। কোন বাজেটকে সকল বাজেটের ভিত্তি বলা হয়?
(ক) উৎপাদন বাজেট (খ) কাঁচামালের বাজেট (গ) বিক্রয় বাজেট (ঘ) ক্রয় বাজেট

২৭। অব্যবসায়ী প্রতিষ্ঠানের নগদান বই বলতে বুঝায়–
(ক) নগদ প্রাপ্তি বই (খ) নগদ প্রদান বই (গ) নগদ প্রাপ্তি ও প্রদান বই (ঘ) নগদ সংগ্রহ বই

২৮। অংশীদারি ব্যবসায়ের মূল বৈশিষ্ট্য হলো–
(i) চুক্তি (ii) একাধিক সদস্য (iii) অসীম দায়
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

২৯। নিচের কোনটি অ-নগদি লেনদেন?
(ক) অধিহারে শেয়ার ইস্যু (খ) অবহারে শেয়ার ইস্যু (গ) বন্ড ইন্যু (ঘ) বন্ডকে শেয়ারে রুপান্তর

৩০। পরিচালক কার্যক্রমের অন্তর্ভূক্ত হবে–
(i) চুক্তি (ii) একাধিক সদস্য (iii) অসীম দায়
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

পাংশা সকরারি কলেজ
পাংশা , রাজবাড়ী ।

২০২৪-২৫ শিক্ষাবর্ষ দ্বাদশ শ্রেণি
নির্বাচনি পরীক্ষার সাজেশন

বিষয় ঃ উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন

পাংশা সরকারি কলেজ
উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন- ১ম পত্র

১। জাকির সাহেব দীর্ঘদিন ধরে চাঁদপুর থেকে বিপুল পরিমাণ ইলিশ মাছ ক্রয় করে ঢাকার কাওরান বাজারে বিক্রয় করে লাভবান হন। কিন্তু সম্প্রতি মাছের একটি বড় চালান দুর্ঘটনার কবলে পড়ায় কারওয়ান বাজারে আসতে বিলম্ব হয়। ফলে, স্থানীয় পাইকারদের কাছে মাছ বিক্রয় করতে বাধ্য হন। এদিকে, বাজার এলাকায় পর্যাপ্ত হিমাগার না থাকায় মাছগুলো নিয়ে জাকির সাহেব খুবই চিন্তিত হয়ে পড়েছেন।
(ক) উৎপাদন কী ?
খ) 'উৎপাদন রূপগত উপযোগ সৃষ্টি করে'-ব্যাখ্যা কর পাপী কতাল
গ)উদ্দীপকে কারওয়ান বাজারে ইলিশ মাছ সরবরাহের মাধ্যমে কোন ধরনের উপযোগ সৃষ্টি হয়েছে? ব্যাখ্যা কর।।
ঘ) সময়মত উপযোগ সৃষ্টি করতে না পারায় জাকির সাহেবের চিন্তার কারণ -তুমি কি একমত? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও
২। জনাব আনোয়ার ২৫ লক্ষ টাকা ব্যয়ে পিরোজপুরে একটি চিংড়ি ঘের প্রতিষ্ঠা করেন। প্রতিষ্ঠানটিতে কর্মরত প্রত্যেক শ্রমিকের মাসিক বেতন ১২,০০০ টাকা। প্রতিষ্ঠানটি নিজস্ব পরিবহনে মাধ্যমে ঢাকা শহরে চিংড়ি মাছ বিক্রয় করে ব্যাপক মুনাফা অর্জনে সক্ষম হয়। জনাব আনোয়ারের এই সাফল্য দেখে জনাব রাকিব একই এলাকায় চিংড়ি মাছের ঘের স্থাপন করেন। তার প্রতিষ্ঠানে কর্মরত কর্মচারীদের মাসিক বেতন ধার্য করা হয় ১৫,০০০ টাকা। ফলে জনাব আনোয়ারের প্রতিষ্ঠানের অনেক শ্রমিক রাকিবের প্রতিষ্ঠানে যোগদান করে। ফলে জনাব আনোয়ারের শ্রমিক স্বল্পতা দেখা দেয়।
(ক) ভূমি কী?
(খ) 'মূলধন উৎপাদনের উৎপাদিত উপাদান' ব্যাখ্যা কর।
(গ) জনাব আনোয়ারের চিংড়ি ঘের কোন ধরনের সংগঠন? ব্যাখ্যা কর।
(ঘ) "শ্রমের গতিশীলতাই জনাব আনোয়ারের শ্রমিক স্বল্পতার মূল কারণ"-উদ্দীপকের আলোকে উক্তিটি মূল্যায়ন কর।

৩। মিসেস নাঈমা সিরাজগঞ্জের শ্যামনগরে ৯০ লক্ষ টাকা এবং ৬০ জন শ্রমিক নিয়ে হস্তশিল্প সামগ্রী উৎপাদন শুরু করেন। তিনি উক্ত জনবল ও যন্ত্রপাতি ব্যবহার করে প্রতিদিন ১৫০ থেকে ২০০ একক হস্তশিল্প পণ্য উৎপাদন করা সক্ষম হন। এতে গড় উৎপাদন ব্যয় হ্রাস পায়। সম্প্রতি ভোক্তার চাহিদার বিষয়টি বিবেচনা করে তিনি উৎপাদনের পরিমাণ দৈনিক ২৫০ এককে উন্নীত করেন। কিন্তু এতে তার গড় উৎপাদন ব্যয় বৃদ্ধি পায়।
(ক) বৃহদায়তন এন্টারপ্রাইজ কী?
(খ) "ক্ষুদ্র এন্টারপ্রাইজে দ্রুত সিদ্ধান্ত গ্রহণ করা সহজ হয়"। -ব্যাখ্যা কর।
গ) উৎপাদন মাত্রার ধরন অনুযায়ী মিসেস নাঈমের প্রতিষ্ঠানটি কোন ধরনের এন্টারপ্রাইজ? ব্যাখ্যা কর।
ঘ) বর্ধিত চাহিদা পূরণের লক্ষ্যে অতিরিক্ত উৎপাদনের সিদ্ধান্ত কি যৌক্তিক? উদ্দীপকের আলোকে উৎপাদন মাত্রার ধরন বিবেচনায় তোমার মতামত দাও।
৪। জহির দরিদ্র পরিবারের সন্তান। ২০১৬ সালে এস.এস.সি পাশ করার পরে ইলেকট্রিকাল কাজের প্রশিক্ষণ গ্রহণ করে। ফলে সিঙ্গাপুরে একটি কোম্পানিতে তার ভাল চাকুরী হয়। তার বেতন কাঠামো খুব ভাল। সে প্রতিমাসে তার বেতনের একটি বড় অংশ দেশে প্রেরণ করে। এতে তার পরিবারে স্বচ্ছলতা আসে।
(ক) মাথাপিছু আয় কী?
খ) জাতীয় আয় পরিমাপের ক্ষেত্রে আয় পদ্ধতি বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর।
(গ) উদ্দীপকে উল্লেখিত জহিরের আয় একটি দেশের সামষ্টিক পর্যায়ের কোন উপাদানের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর।
(ঘ) "মোট দেশজ উৎপাদনে (GDP) জহিরের আয়ের কোনো ভূমিকা নেই"। -উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর।
৫ । কিউ ট্রাভেলস ঢাকা হতে কক্সবাজারে এসি বাস সার্ভিস পরিচালনা করে। গত সপ্তাহে তাদের ২০ শতাংশ টিকেট অবিক্রিত থাকে। ফলে প্রতিষ্ঠানটি লোকসানের সম্মুখীন হয়। বর্তমানে প্রতিষ্ঠানটি লোকসান পুষিয়ে নেওয়ার জন্য ভোক্তাদের চাহিদা ও সামর্থ অনুযায়ী এসি ও নন

এসি গাড়ির মাধ্যমে বিভিন্ন দামের টিকেটের ব্যবস্থা করে, যাতে সব ধরনের ভোক্তার কাছে এই প্রতিষ্ঠানের গ্রহণযোগ্যতা বৃদ্ধি পায়।
(ক) উৎপাদন ব্যবস্থাপনা কী?
(খ) "সেবা অদৃশ্যমান" ব্যাখ্যা কর।
(গ) উদ্দীপকে উল্লেখিত 'কিউ ট্রাভেলস' কোন খাতের অন্তর্গত? ব্যাখ্যা কর।
(ঘ) উদ্দীপকে উল্লেখিত 'কিউ ট্রাভেলস' কর্তৃক গৃহীত উদ্যোগ কোন ধারণাকে গুরুত্ব দিয়েছে বলে তুমি মনে কর?

৬। ABC একটি উন্নতদেশ। উক্ত দেশে ২০১৭-১৮ অর্থ বছরে মোট জাতীয় আয়ের পরিমাণ ছিল ২,৫০,০০০ কোটি টাকা এবং মোট জনসংখ্যা ছিল ৪০ কোটি। উক্ত বছরে মোট ভোগ ব্যয় ১৫,০০০ কোটি টাকা, মোট বিনিয়োগ ব্যয় ৩,০০০ কোটি টাকা এবং সরকারী ব্যয় ২,৮০০ কোটি টাকা। অপরপক্ষে XYZ দেশের অন্যান্য অবস্থা একই রকম হলেও জনসংখ্যা কম হওয়াতে মাথাপিছু আয় ৭০০০ টাকায় উন্নীত হয়।
ক. অবচয় ব্যয় কী?
খ. জাতীয় আয় জীবনযাত্রার মান নির্দেশক- ব্যাখ্যা কর।
গ. উদ্দীপকের আলোকে ২০১৭-১৮ অর্থবছরের ABC দেশের GDP এর পরিমাণ নির্ণয় করো।
ঘ. উদ্দীপকের আলোকে ABC দেশের সাথে XYZ দেশের মাথাপিছু আয়ের ভিত্তিতে অর্থনৈতিক অবস্থা তুলনা কর।

৭। জনাব রফিক চট্টগ্রামের ফিরিঙ্গি বাজারে 'চট্টগ্রাম ফার্নিচার' নামে একটি শো-রুম প্রতিষ্ঠা করেন। তিনি ফার্নিচার তৈরিতে মানসম্মত কাঠ ও অন্যান্য উপকরণ ব্যবহার করেন। পাশাপাশি অভিজ্ঞ ও দক্ষ কারিগর দ্বারা অল্প খরচে ফার্নিচার সামগ্রী তৈরি করেন। মানসম্মত হওয়ায় তার ফার্নিচার বেশ জনপ্রিয়তা অর্জনে সক্ষম হয়। সম্প্রতি আশেপাশের কয়েকটি ফার্নিচার প্রতিযোগী প্রতিষ্ঠান ক্রেতাদের রুচি ও পছন্দকে গুরুত্ব দিয়ে শৈল্পিক ও কারুকার্যময় ফার্নিচার তৈরী ও বিপণন করায় জনাব রফিকের ফার্নিচারের চাহিদা হ্রাস পায়। বিষয়টি নিয়ে তিনি খুবই উদ্বিগ্ন।
(ক) প্যাকিং ডিজাইন কী?
(খ) "পণ্য ডিজাইন পণ্যের আকর্ষণ বৃদ্ধি করে"। -ব্যাখ্যা কর।
(গ) কোন ধরনের ডিজাইন প্রয়োগের ফলে জনাব রফিকের ব্যবসায় সফলতা আসে? ব্যাখ্যা কর।
(ঘ) উদ্দীপকে জনাব রফিকের দুঃচিন্তা দূরীকরণে কোন ধরনের ডিজাইন ব্যবহার করা উচিত? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দেখাও।

৮। সাইমন ইলেকট্রনিক্স পাঁচ বছর ধরে নতুন ডিজাইনের টিভি বিপণন করছে। তাদের উৎপাদিত সকল টিভি রাষ্ট্র কর্তৃক স্বীকৃত মান নির্ধারণকারী সংস্থার অনুমোদন থাকায় ক্রেতাদের আগ্রহ দিন দিন বাড়ছে। উপরন্ত দাম নাগালের মধ্যে থাকায় এবং ওয়ারেন্টি সুবিধার প্রতিশ্রুতি দেওয়ায় ক্রেতারা খুশি হয়েই টিভি ক্রয় করেন। কিন্তু পরবর্তীতে কোম্পানিটি টিভি বিক্রয়ের ক্ষেত্রে ওয়ারেন্টি সুবিধার প্রতিশ্রুতি রক্ষা করতে না পারায় বিক্রয় হ্রাস পায়।
(ক) ISO এর পূর্ণরূপ কী?
(খ) "মান নিশ্চিতকরণ ব্যতীত ক্রেতা সন্তুষ্টি অসম্ভব"। -ব্যাখ্যা কর।
(গ) উদ্দীপকের প্রতিষ্ঠানটি কোন সংস্থার অনুমোদন পেয়েছে? ব্যাখ্যা কর।
(ঘ) উদ্দীপকের প্রতিষ্ঠানের কোন ধরনের ব্যয় বৃদ্ধি পেয়েছে তা উল্লেখপূর্বক বর্তমান অবস্থা থেকে উত্তরণের উপায় তুলে ধর।

৯। জনাব মাসুদ খান 'খান টিম্বার' নামে একটি আসবাবপত্র তৈরির কারখানা স্থাপন করেন। তিনি উৎপাদনের সকল উপকরণ যথাযথভাবে ব্যবহার করে বিগত কয়েক বছর সর্বোচ্চ পরিমাণ আসবাবপত্র তৈরি করেন। সম্প্রতি অন্যান্য প্রতিযোগী প্রতিষ্ঠান উন্নত যন্ত্রপাতি ব্যবহার করে আসবাবপত্র তৈরি ও বিপণন করায় ক্রেতারা ঐ সকল প্রতিষ্ঠানের আসবাবপত্র ক্রয়ে আগ্রহী। এ কারণে জনাব মাসুদ দিন দিন আর্থিক ক্ষতির সম্মুখীন হচ্ছেন।
(ক) উৎপাদন ক্ষমতা কী?
(খ) কার্যকর উৎপাদন ক্ষমতা কিভাবে নির্ণয় করা যায়? ব্যাখ্যা কর।
(গ) উদ্দীপকের খান টিম্বারস কোন ধরনের উৎপাদন ক্ষমতার সাথে সম্পৃক্ত? ব্যাখ্যা কর।
(ঘ) উদ্দীপকের খান টিম্বার এর উৎপাদন ও চাহিদা হ্রাসের জন্য যে উৎপাদন ক্ষমতা দায়ী তা উল্লেখসহ তোমার মতামত বিশ্লেষণ কর।

১০। জামান লেখাপড়া শেষ করে গ্রামের বাড়িতে একটি ভোগ্য পণ্যের কারখানা স্থাপন করেন। গুণগত মানের পণ্য উৎপাদন করায় তার সুনাম চারদিকে ছড়িয়ে পড়ে। অল্প সময়ের মধ্যে জামান খুব জনপ্রিয় ব্যবসায়ী হয়ে যান। একই সাথে পণ্যের চাহিদা ব্যাপক হারে বৃদ্ধি পাওয়ায় তিনি বৃহৎ পরিসরে শহরে কারখানা স্থাপন করেন।

(ক) বাজারের নৈকট্য কী?

(খ) ব্যবসায়ের অবস্থান কাঁচামাল কী প্রভাব ফেলে? ব্যাখ্যা কর।

(গ) উদ্দীপকে জনাব জামান প্রথম দিকে কোন ধরনের ব্যবসায় অবস্থানের প্রতি গুরুত্ব দিয়েছেন? ব্যাখ্যা কর।

(ঘ) "দ্বিতীয় পর্যায়ে ব্যবসায়ের অবস্থানে নির্ধারণ তুলনামূলকভাবে ব্যয়বহুল অবস্থানের ধরন উল্লেখপূর্বক উক্তিটি মূল্যায়ন কর।

১১। জনাব বাসার সাভারের কাঠগড়া নামক স্থানে একটি গার্মেন্টস শিল্প স্থাপন করেন। কারখানার ৪র্থ তলায় কাপড় কাটা হয়। ২য় ও ৩য় তলায় কাপড় সেলাই এবং নীচতলায় ওয়াশিং ও প্যাকেটজাত করা হয়। কারখানার সিঁড়ি খুবই প্রশস্ত হওয়ায় শ্রমিকেরা সহজেই উঠানামা করতে পারে। তাছাড়া লিফটেরও ব্যবস্থা রয়েছে। শ্রমিকেরা যাতে নির্বিঘ্নে কাজ করতে পারে এবং সময় সাশ্রয় হয় তা বিবেচনা করে পাশের খালি জায়গায় একটি খুচরা দোকান স্থাপন করেন। শ্রমিকরা এখান থেকে সহজেই তাদের পছন্দমতো চাল, ডাল, তেল, লবণ ইত্যাদি পণ্য ন্যায্য মূল্যে পেয়ে থকে।

(ক) গুদামজাতকরণ বিন্যাস কী?

(খ) "বিন্যাস উৎপাদন ব্যয় হ্রাসে সহায়ক"-ব্যাখ্যা কর।

(গ) উদ্দীপকে কোন ধরনের বিন্যাস অনুসরণ করা হয়েছে? ব্যাখ্যা কর।

(ঘ) সম্প্রতি জনাব বাশারের গৃহীত বিন্যাসের নাম উল্লেখপূর্বক এ ধরনের সিদ্ধান্তের যৌক্তিকতা বিশ্লেষণ কর।

পাংশা সরকারি কলেজ

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন- ১ম পত্র

১। মি আলম ২০০ জন শ্রমিক ও ২ কোটি টাকা মূলধন নিয়ে নওগাঁর মহাদেবপুরে একটি অটো-রাইস মিল স্থাপন করেন। তিনি সরাসরি চাষীদের নিকিট থেকে ধান ক্রয় করে চাল উৎপাদন করেন। এখানে উৎপাদিত চালের মান খুব ভাল হওয়ায় স্থানীয় বাজারে ব্যাপক করেন। ব্যবসায় সফলতার ফলে অর্জিত মুনাফা দিয়ে তিনি নিজ এলাকায় স্কুল, কলেজ, মাদ্রাসা ও রাস্তাঘাট নির্মাণে অবদান চাহিদা সৃষ্টি হয়েছে। এতে অনুপ্রাণিত হয়ে তিনি মধ্যস্থ ব্যবসায়ীদের সহায়তায় দেশের প্রতিটি জেলায় চাল বিপণন নিশ্চিত রাখেন।

(ক) উপযোগ কী?

(খ) উৎপাদন কীভাবে কর্মসংস্থান সৃষ্টি করে? ব্যাখ্যা কর।

(গ) উদ্দীপকে মি. আলমের কার্যক্রম উৎপাদনের কোন খাতের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। যথার্থতা মূল্যায়ন কর।

(ঘ) উৎপাদন একটি দেশের আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে" -উদ্দীপকের আলোকে উক্তিটির ব্যাখ্যা কর।

২। কড়িগ্রাম জেলার নাগেশ্বরীর ৭০ জন কৃষক একত্রিত হয়ে সম-অধিকারের ভিত্তিতে একটি প্রতিষ্ঠান গঠন করলো, যাদের প্রধান উদ্দেশ্য হলো মধ্যস্থ ব্যবসায়ীদের হাত থেকে নিজেদের রক্ষা করে পণ্যের ন্যায্যমূল্য নিশ্চিত করা। সৎ, উদ্যমী ও যোগ্য নেতৃত্বের কারণে এ উদ্দেশ্য সফল হওয়ায় স্বল্প সময়ের মধ্যেই এর সদস্যরা আর্থিকভাবে লাভবান হয় এবং পাশাপাশি সামাজিকভাবেও প্রতিষ্ঠা লাভ করে। বর্তমানে এই পরিবারগুলো সচ্ছলতার মুখ দেখছে।

(ক) শ্রম কী?

(খ) সকল অর্থই কী মূলধন? ব্যাখ্যা কর।

(গ) উদ্দীপকে উল্লেখিত প্রতিষ্ঠানটি কোন ধরনের সংগঠন? ব্যাখ্যা কর।

(ঘ) দারিদ্র বিমোচনে উদ্দীপকে উল্লেখিত সংগঠনটির ভূমিকা বিশ্লেষণ কর।

৩। মি. তাহা ২০১৭ সালে নিজস্ব ১০ বিঘা জমিতে ১৫ কোটি টাকা মূলধন ও ১০০ জন শ্রমিক নিয়ে একটি মিনি জুট মিলস্ স্থাপন করেন। তার সুদক্ষ পরিচালনায় প্রতিষ্ঠানটির উৎপাদিত পণ্যের সুনাম ও বাজার চাহিদা বৃদ্ধি পায়। ফলশ্রুতিতে ব্যবসায় সম্প্রসারণের লক্ষ্যে ২০১৮ সালে তিনি নতুন ১০০ জন শ্রমিক নিয়োগ দেন এবং আরও ২০ কোটি টাকা ব্যাংক ঋণ নেন। উৎপাদনের গতিশীলতা আসায় মি. তাহা বিদেশের বাজারে পণ্য রপ্তানির উদ্দেশ্যে আরও ২৫ ফোটি টাকা ব্যাংক ঋণ নিয়ে অতিরিক্ত ২০০ জন শ্রমিক নিয়োগ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন।

(ক) স্থায়ী বায় কী?

(খ) "কাম্য উৎপাদন মাত্রা সর্বোচ্চ উৎপাদন স্তরকে নির্দেশ করে" ব্যাখ্যা কর।

(গ) "জাতীয় শিল্পনীতি-২০১৬" অনুসারে ২০১৮ সালে মি. তাহার প্রতিষ্ঠানটি কোন মাত্রার এন্টারপ্রাইজের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর।

(ঘ) মি. তাহার সিদ্ধান্ত বাস্তবায়িত হলে প্রতিষ্ঠানের মাত্রা বিবেচনায় ধরন উল্লেখপূর্বক এর অর্থনৈতিক গুরুত্ব মূল্যায়ন কর।

৪।

৫। 'জন ইলেকট্রনিক্স' বিভিন্ন ধরনের ইরেকট্রনিক্স পড়লামগ্রী উৎপাদনকারী ও বিপণনকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটিট পণ্যকে অধিকতর কার্যকর ও মানসম্পন্ন করার লক্ষ্যে উৎপাদন ব্যবস্থায় কম্পিউটার প্রযুক্তি ও ইন্টারনেট ব্যবহার করে উৎপাদন কার্যক্রম পরিচালনা করে। এছাড়াও ক্রেতাদের সামর্থ্য, রুচি ও পছন্দের প্রতি গুরুত্ব দিয়ে প্রত্যেক ক্রেতার স্বতন্ত্র প্রয়োজন ও চাহিদা অনুসারে একেবারেই তার উপযোগী করে পণ্য উৎপাদন ও বিপণন করে। এর ফলে প্রতিষ্ঠানটির পণ্যের চাহিদা ব্যাপক হারে বৃদ্ধি পাচ্ছে।

(ক) উৎপাদন পরিকল্পনা কী?

(খ) "উৎপাদন ব্যবস্থাপনা সম্পদের সঠিক ব্যবহার নিশ্চিত করে" ব্যাখ্যা কর।

(গ) উদ্দীপকে উল্লেখিত 'ডন ইলেকট্রনিক্স' উৎপাদন ব্যবস্থাপনার ক্রম বিবর্তনের কোন যুগের প্রতি ইঙ্গিত করছে? ব্যাখ্যা কর।৩

(ঘ) 'ডন ইলেকট্রনিক্স' এর সফলতার মূল কারণ কী বলে তুমি মনে কর? যুক্তিসহ তোমার মতামত দাও।

৬। "প্রাইম টেলিকম" মোবাইল ফোন উৎপাদনকারী একটি বিখ্যাত প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি সম্প্রতি ক্রেতাদের রুচি, পছন্দ, ক্রয়ক্ষমতা, চাহিদা ইত্যাদি তথ্য সংগ্রহ ও পর্যালোচনা এবং প্রতিযোগী প্রতিষ্ঠানের পণ্য বিশ্লেষণ করে "প্রিজন" ব্যান্ডের স্মার্ট ফোন উৎপাদন ও বিপণন করে। মোবাইল ফোনটিতে ভিডিও গেম, ২৪ মেগাপিক্সেল ক্যামেরা, ১৬ জিবি মেমোরি, ইন্টারনেট ব্যবহারসহ অত্যাধুনিক সুযোগ-সুবিধা থাকায় ক্রেতারা ব্যাপক হারে গ্রহণ করছে। ফলশ্রুতিতে প্রতিষ্ঠানটি স্বল্প সময়ের মধ্যেই প্রত্যাশিত বিক্রয় লক্ষমাত্রা অর্জন করেছে। তবে মোবাইল ফোনটির উৎপাদন প্রক্রিয়া সেকেলে হওয়ায় কোম্পানির লাভের পরিমাণ কম হয়েছে।

(ক) নান্দনিক ডিজাইন কী?

(খ) "পণ্য ডিজাইন পণ্যের উপযোগিতা বৃদ্ধিতে সহায়ক " ব্যাখ্যা কর।

(গ) মোবাইল ফোন উৎপাদনের ক্ষেত্রে "প্রাইম টেলিকম" পণ্য ডিজাইনের কোন পর্যায়ের উপর অধিক গুরুত্বারোপ করেছে? ব্যাখ্যা কর।

(ঘ) কাঙ্খিত মুনাফা অর্জনের জন্য 'প্রাইম টেলিকম' কোন ধরনের পণ্য ডিজাইনের প্রতি গুরুত্ব দিতে পারে বলে তুমি মনে কর? উদ্দীপকের আলোকে তোমার মতামত দাও।

৭। 'পদ্মা ফুড লিঃ' বিভিন্ন ধরনের ভোগ্যপণ্য উৎপাদন করে। প্রতিষ্ঠানটি গুণগত মানসম্পন্ন পণ্যের ধারাবাহিক উৎপাদনের লক্ষ্যে উৎপাদন ক্ষেত্রে পণ্য উন্নয়ন পরিকল্পনা পর্যায়ে মান স্থির করে। পরবর্তীতে পূর্ব নির্ধারিত মান অনুযায়ী পণ্য উৎপাদিত হচ্ছে কিনা তা নিশ্চিত করে এবং মানের বিচ্যুতি হলে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করে প্রতিষ্ঠানটির সকল কর্মী পণ্যের মান বজায় রাখতে সর্বদা সচেষ্ট। তাছাড়া BSTI সনদ থাকায় প্রতিষ্ঠানটির উৎপাদিত পণ্যের চাহিদা ব্যাপকহারে বৃদ্ধি পচ্ছে। সম্প্রতি প্রতিষ্ঠানটি বিদেশের বাজারে পণ্য বিপণন করতে আগ্রহী। কিন্তু প্রয়োজনীয় কিছু সনদ না থাকায় প্রতিষ্ঠানটি আন্তর্জাতিক বাজারে প্রবেশ করতে পারছে না।

(ক) মান নিশ্চিতকরণ কী?

(খ) "মান ব্যবস্থাপনা ভোক্তা-সন্তুষ্টি ও আনুগত্য সৃষ্টি করে" -ব্যাখ্যা কর।

(গ) ব্যবসায়িক সাফল্য অর্জনে উৎপাদন ক্ষেত্রে পদ্মা ফুড লিঃ এর গৃহীত পদক্ষেপকে কী বলে? ব্যাখ্যা কর।

(ঘ) পদ্মা ফুড লিঃ এর আন্তর্জাতিক বাজারে প্রবেশের জন্য করণীয় সুপারিশ কর।

৮। 'সুমি টেক্সটাইল' স্বাভাবিক পরিস্থিতিতে বছরে ১০,০০,০০০ পিস স্যুটের কাপড় উৎপাদন করতে পারে। যদি বছরে ৮,০০,০০০ পিস স্যুটের কাপড় উৎপাদিত হলে মিতব্যয়িতা অর্জিত হবে। বর্তমানে মিলটি ৬,০০,০০০ পিস স্যুটের কাপড় উৎপাদন করে। কারণ মিলের পাঁচটি মেশিন অব্যবহৃত থেকে যাচ্ছে। ফলে মিলের আর্থিক ক্ষতি হচ্ছে এবং মালিক সমস্যা সমাধানের উপায় খুঁজছেন।

ক) প্রকৃত উৎপাদন ক্ষমতা কী?

(খ) কেন নিম্ন উৎপাদন ক্ষমতা ব্যবহার করা হয়-বর্ণনা কর।

(গ) 'সুমি টেক্সটাইল' মিলের কার্যকর উৎপাদন ক্ষমতা নির্ণয় কর।

(ঘ) উদ্দীপকে উল্লেখিত মিলটির সমস্যা সমাধানে তোমার সুপারিশ তুলে ধরো।

৯। আসিফ রাজশাহীর সাহেব বাজারে একটি প্রসাধনী সামগ্রী তৈরীর কারখানা স্থাপন করেন। পর্যাপ্ত মূলধন থাকায় তিনি দক্ষ কর্মী নিয়োগ দিয়ে এবং অত্যাধুনিক প্রযুক্তি ও যন্ত্রপাতি ব্যবহার করে উৎপাদন প্রক্রিয়া সচল রাখেন। অন্যদিকে তার বন্ধু মনির বানেশ্বর ইউনিয়নে একটি ডাল মিল প্রতিষ্ঠা করেন। এখানে পর্যাপ্ত শ্রমিক ও কাঁচামালের প্রাচুর্য থাকায় কম খরচেই তিনি। উৎপাদন কার্যক্রম চালাতে সক্ষম হন। তাছাড়া এখানকার জমির দামও তুলনামূলকভাবে অনেক কম। বছর শেষে দেখা যায় একই পরিমান মূলধন ব্যবহার করে আসিফের তুলনায় মনিরের মুনাফা অনেকগুণ বেশি হচ্ছে।

ক) ব্যবসায়ের গ্রাম্য অবস্থান কী?

(খ) "ব্যবসায়ের অবস্থান নির্বাচনে মূলধনের প্রভাব ব্যপক" ব্যাখ্যা কর।

(গ) উদ্দীপকে উল্লেখিত আসিফ কারখানা স্থাপনে কোন ধরনের ব্যবসায় অবস্থানের উপর গুরুত্ব দিয়েছেন? ব্যাখ্যা কর।
(ঘ) "ব্যবসায়ের জন্য সঠিক স্থান নির্বাচন প্রতিষ্ঠানের সর্বোচ্চ সাফল্য নিশ্চিত করে"-উদ্দীপকে মনিরের প্রতিষ্ঠানের প্রেক্ষিতে উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর।।

১০। মি. ফাহিম সাভারে নিজস্ব একটি বহুতলভবনে গার্মেন্টস ফ্যাক্টরি প্রতিষ্ঠা করেন। ভবনটি নির্মাণের সময় এর প্রবেশপথ এবং সিঁড়ি প্রশস্ত করা হয় যাতে শ্রমিকরা সহজেই যাতায়াত করতে পারে। আবার দুর্ঘটনার সময় সবাই দ্রুত বের হতে পারে। এছাড়াও ভবনটিতে অগ্নি-নির্বাপনের ব্যবস্থা, পানি সরবরাহ ব্যবস্থা, প্রাথমিক চিকিৎসার ব্যবস্থাসহ অন্যান্য সুবিধা রাখা হয়েছে। ভবনটির প্রতি তলায় অনেকগুলো করে কক্ষ রয়েছে। মি. ফাহিম কাজের অনুসারে প্রতিটি তলাকে পৃথক পৃথক বিভাগে ভাগ করে বিভিন্ন গ্রুপে অন্তর্ভুক্ত করেছেন। গার্মেন্টসের এরূপ বিন্যাসের কারণে তিনি নানাবিধ সুবিধা পান আবার শ্রমিকরাও স্বাচ্ছন্দ্যে কাজ করায় প্রতিষ্ঠানটি কাঙ্ক্ষিত সাফল্য অর্জনে সক্ষম হয়।
(ক) ফ্যাক্টরি লে-আউট কী?
(খ) "রিটেইল লে-আউট ক্রেতা আকর্ষণের জন্য খুবই গুরুত্বপূর্ণ" - ব্যাখ্যা কর।
(গ) নি. ফাহিম ফ্যাক্টিরি নির্মাণের সময় লে-আউটের কোন বিষয়কে গুরুত্ব দিয়েছেন? ব্যাখ্যা কর।
(ঘ) "সঠিক লে-আউট নির্ণয় প্রতিষ্ঠানের সাফল্যের মূল নিয়ামক" উদ্দীপকে মি. ফাহিমের গৃহীত লে-আউটের ধরন উল্লেখপূর্বক উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর।

১১। মি. জাহিদ কৃষি ব্যাংকের স্থানীয় শাখা থেকে ২০ লক্ষ টাকা ঋণ নিয়ে নিজস্ব ৫টি পুকুরে মৎস্য চাষ প্রকল্প শুরু করেন। ৫ জন কর্মচারীর সহায়তায় এবং নিজের প্রত্যক্ষ ব্যবস্থাপনায় মৎস্য চাষে তিনি ব্যাপকভাবে সফল হন। এতে যাবতীয় খরচ মিটিয়ে এবং ব্যাংক ঋণ পরিশোধ করেও তিনি বার্ষিক ২৫ লক্ষ টাকা আয় করেন। পরবর্তীতে তিনি প্রকল্পটি সম্প্রসারণের জন্য আরও ৫০ লক্ষ টাকা ব্যাংক ঋণের আবেদন করেন এবং ব্যাংক ঋণ মঞ্জুর করে। কিন্তু প্রকল্পের আশে-পাশে কোনো জলাশয় না পাওয়ায় তিনি প্রকল্পটি সম্প্রসারণ করতে ব্যর্থ হন।
(ক) মূলধন কী?
(খ) "সংগঠন উদ্দেশ্যকেন্দ্রিক" ব্যাখ্যা কর।
(গ) উদ্দীপকে মি. জাহিদের সফলতায় উৎপাদনের কোন উপকরণটির ভূমিকা সবচেয়ে বেশি? ব্যাখ্যা কর।
(ঘ) মি. জাহিদের প্রকল্প সম্প্রসারণে ব্যর্থতার জন্য উৎপাদনের কোন উপকরণটি দায়ী বলে তুমি মনে কর? উদ্দীপকের আলোকে

পাংশা সরকারি কলেজ

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন- ২য় পত্র

১। জনাব রহিম একজন খুচরা ব্যবসায়ী। তিনি মুড়ি, খই, চিড়া দিয়ে বিভিন্ন ধরনের মোয়া, নারিকেল ও তিল দ্বারা রকমারি নাড় তৈরি করে বিভিন্ন দোকানে সরবরাহ করেন। জনাব রহিম ক্রেতাদের রুচি, চাহিদা ও সন্তুষ্টির প্রতি গুরুত্ব দেন বলে ক্রেতারা তার পণ্য আগ্রহের সাথে ক্রয় করেন। ফলে দিন দিন তার পণ্য বিক্রি বাড়ার সাথে সাথে মুনাফার পরিমাণও বৃদ্ধি পাচ্ছে। তেমনি এলাকাতে সুনামও অর্জিত হচ্ছে। জনাব রহিম আগামীতে তার ব্যবসা বাড়ানোর চিন্তা করছেন।

ক. বিপণন কী?

খ. গুদামজাতকরণ কোন ধরনের উপযোগ সৃষ্টি করে? ব্যাখ্যা কর।

গ. জনাব রহিমের ব্যবসায়টি বিপণনের কোন মৌলিক ধারণার অন্তর্গত? ব্যাখ্যা কর।

ঘ. উদ্দীপকের আলোকে জনাব রহিমের ব্যবসায় সম্প্রসারণের যৌক্তিকতা বিশ্লেষণ কর।

২. জনাব কামাল "X জুয়েলার্স" নামক একটি জুয়েলারি দোকান পরিচালনা করেন। তিনি সবসময় উচ্চ মানসম্পন্ন ও আকর্ষণীয় ডিজাইনের জুয়েলারি আইটেম বিভিন্ন দেশ থেকে আমদানি করে নিজের শো-রুমে বিক্রয় করেন। এই সব জুয়েলারি সামগ্রীর মূল্য নির্ধারণের ক্ষেত্রে তিনি ডিজাইনের অভিনবত্ব এবং ক্রেতাদের পছন্দ ও আকাঙ্ক্ষার মাত্রাকে সর্বোচ্চ গুরুত্ব দেন। এভাবে গ্রাহকদের সন্তুষ্টি বৃদ্ধির পাশাপাশি প্রতিষ্ঠানটি প্রচুর মুনাফা অর্জনে সক্ষম হয়েছেন।

ক. গুদামজাতকরণ কী?

খ. পরিবহন কেন পণ্য স্থানান্তরে গুরুত্বপূর্ণ? ব্যাখ্যা কর।

গ. জনাব কামাল কোন ধরনের ভোগ্যপণ্য বিক্রয় করেন? ব্যাখ্যা কর।

ঘ. উদ্দীপকে উল্লিখিত জনাব কামাল বিক্রয়কৃত পণ্যের মূল্য নির্ধারণের যে পদ্ধতি অনুসরণ করেন তা উল্লেখপূর্বক এর যথার্থতা মূল্যায়ন কর।

৩। জনাব সঞ্জিত শিক্ষাজীবন শেষ করে সরকারের বিশেষ সংস্থার অনুমতি নিয়ে ২০২০ সালে ডুমুরিয়ার পাইকপাড়ায় "আর, এল কল্যাণ সমিতি" নামে একটি প্রতিষ্ঠান গড়ে তোলেন। তিনি নিজেই পরিকল্পনা প্রণয়ন, সংগঠন, সমন্বয় সাধন, নিয়ন্ত্রণ করে থাকেন। নিজে অর্থ সরবরাহ করে ৫০ লক্ষ টাকা মূলধন গঠন করেন। প্রতিষ্ঠানটি স্বল্প সুদে ছোট ছোট উদ্যোক্তাদের ঋণ দিয়ে থাকে। সমাজের জন্য ক্ষতিকর হবে এমন কোনো প্রতিষ্ঠানকে ঋণ প্রদান করেন না। প্রতিষ্ঠানটি ঋণ আদায় ও প্রদান সংক্রান্ত কাজের জন্য ৫ জন কর্মী নিয়োগ দেন। 'আর, এল কল্যাণ সমিতি' তাদের গ্রাহকদের সাথে সার্বক্ষণিক যোগযোগের জন্য Facebook, SMS, Youtube ব্যবহার করে থাকেন। এভাবে ব্যবসা করে প্রতিষ্ঠানটির বর্তমান মূলধন ২ কোটি টাকা।

ক. বাজার কী?

খ. "বিপণন কর্মসংস্থান সৃষ্টি করে"-ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকে উল্লিখিত বিপণনের কোন বৈশিষ্ট্যটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর।

ঘ. প্রতিষ্ঠানটির সফলতা বিপণন ক্রমবিকাশের পর্যায় উল্লেখপূর্বক বিশ্লেষণ কর।

৪. জনাব ফাহিম একজন পাট ব্যবসায়ী। তিনি ফরিদপুরের বিভিন্ন অঞ্চল থেকে কৃষক এবং ছোট ছোট ব্যবসার্টীে নিকট হতে অর্থের বিনিময়ে পাট সংগ্রহ করেন। সংগৃহীত পাট তিনি দাম ও মান অনুযায়ী A, B ও C শ্রেণির বিভক্ত করে সেগুলো পাইকারী ব্যবসায়ী ও মিল মালিকদের নিকট বিক্রয় করেন। এভাবে ব্যবসা করে জনাব ফাইয় আর্থিকভাবে লাভবান হচ্ছেন।

ক. মোড়কীকরণ কী?

খ. "উত্তম ক্রয় বিক্রয়ের অর্ধেক" -ব্যাখ্যা কর।

গ. প্রাথমিক অবস্থায় জনাব ফাহিম বিপণনের কোন কার্যাবলি সম্পাদন করেছেন? ব্যাখ্যা কর।

ঘ. জনাব ফাহিমের সফলতার কারণ বিশ্লেষণ কর।

৫. জনাব অলকেশ 'পিওর বেকারী' নামে একটি বিস্কুট উৎপাদন ও বিক্রয় প্রতিষ্ঠান পরিচালনা করেন। প্রতিষ্ঠানটি সবসময় উচ্চমান,

বৈচিত্র্যতা বজায় রেখে বিস্কুট উৎপাদন করে থাকে। ক্রেতারা সন্তুষ্ট থাকলেও প্রতিষ্ঠানটির লাভ করতে পারছে না। এজন্য প্রতিষ্ঠানটি বাজার বি···

৬. জনাব ইকবাল একজন ব্যবসায়ী। তিনি নিজের ফ্যাক্টরিতে বিভিন্ন ধরনের বিস্কুট, কেক ও ব্রেড তৈরি করে বিক্রি করেন। ক্রেতাকে আকৃষ্ট করার জন্য সুন্দর মোড়কিকরণ করেন। তার ব্যবসায়ের অন্যতম উদ্দেশ্য হলো ক্রেতাদের বা ভোক্তাদের সন্তুষ্টি অর্জন। তাই ক্রেতাদের রুচি ও পছন্দ বিবেচনা করে তিনি ভালোমানের পণ্য উৎপাদন করেন।
ক. অভাব কী?
খ. বিপণনকে গতিশীল বলা হয় কেন? -ব্যাখ্যা কর।
গ. জনাব ইকবালের ব্যবসায়টি কোন ধরনের উপযোগ সৃষ্টি করেছে? ব্যাখ্যা কর।
ঘ. জনাব ইকবাল ব্যবসায়ের সফলতা অর্জনের জন্য যে বিষয়টির উপর গুরুত্বারোপ করেছেন তা-কি সঠিক? তোমার মতামতের সপক্ষে যুক্তি দাও।

৭. প্রাকৃতিক সৌন্দর্য্যের লীলাভূমি বান্দরবানে বিভিন্ন ধরনের পর্যটন কেন্দ্র রয়েছে। বর্তমানে এগুলো এ দেশের জনপ্রিয় পর্যটন কেন্দ্র এবং বিনোদন স্পট হিসেবে ব্যাপক পরচিতি লাভ করেছে। ডাঃ রহিম সেখানে স্বপরিবারে বেড়াতে যান এবং হোটেল পদ্মাতে উঠেন। এ হোটেলে গরম পানি ও নিজস্ব গাড়ি পার্কিং ব্যবস্থা না থাকায় পরবর্তী দিন তিনি হোটেল মেঘনাতে উঠেন। পূর্বের হোটেলের তুলনায় খরচ বেশী হলেও তার চাহিদামত সকল সুবিধা পেয়ে তিনি ও তার পরিবারের সবাই খুশি।
ক. সেবা কী?
খ. কীভাবে ক্রেতাভ্যালু সৃষ্টি করা যায়? ব্যাখ্যা কর।
গ. বিপণনের মৌলিক ধারণা অনুযায়ী হোটেল মেঘনা কর্তৃক প্রদত্ত সুযোগ সুবিধাকে কী বলা হয়? ব্যাখ্যা কর।
ঘ. তুমি কি মনে কর হোটেল পদ্মা কর্তৃপক্ষ ক্রেতাভ্যালু নির্ভর সম্পর্ক তৈরি করতে পারবে? তোমার মতামত বিশ্লেষণ কর।

৮. জনাব আলী একজন আলু ব্যবসায়ী। চলতি বছরে আলুর ফলন ভালো হওয়ায় বাজারে প্রচুর আলু দেখা যায়। ফলে আলুর দাম স্বাভাবিকের তুলনায় অনেক কমে যায়। জনাব আলী এ সুযোগে প্রচুর আলু ক্রয় করেন ও সংরক্ষণের ব্যবস্থা করেন। আলুর মৌসুমের পরবর্তী সময়ে তিনি সব আলু বিক্রি করে দেন এবং বেশ মুনাফা পান।
ক. বিক্রয় কী?
খ. পুনঃবিক্রেতার বাজার বলতে কী বুঝায়?
গ. জনাব আলী কোন ধরনের উপযোগ সৃষ্টি করেছেন? ব্যাখ্যা কর।
ঘ. জনাব আলী বিপণনের যে কাজটি সম্পন্ন করেছেন উদ্দীপকের আলোকে তার গুরুত্ব বিশ্লেষণ কর

৯. 'কে-ব্রাদার্স' বিভিন্ন ধরনের আসবাবপত্র প্রস্তুতকারী একটি প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি ক্রেতাদের চাহিদা ও পছন্দ অনুতে অর্ডার গ্রহণ করে। প্রতিটি ডাইনিং টেবিলের মূল্য ৯০০ টাকা। একটি ডেকোরেটর কোম্পানির অর্ডার মোতাবেক প্রতিষ্ঠানটি ১,০০০ টি ডাইনিং টেবিল প্রস্তুত এর জন্য এর জন্য ৩,০০,০০০ টাকার কাঠ ক্রয় করল। প্রতিষ্ঠানট প্রতিটি ডাইনিং টেবিল তৈরিতে ৩০০ টাকা মিস্ত্রি খরচ এবং স্থায়ী ব্যয় ৯০ হাজার টাকা খরচ ধরে ব্রেক ইডেন বিন্দু নির্ণয় করলো। ফলে প্রতিষ্ঠানটির প্রত্যাশিত মুনাফা অর্জন হলো।
ক. অযাচিত পণ্য কী?
খ. পণ্যের জীবন চক্রের কোন স্তরে বিক্রয় ও মুনাফা সর্বোচ্চ হয়?
গ. কে-ব্রাদার্স এর ১,০০০ টি ডাইনিং টেবিলের ব্রেক ইভেন বিন্দু নির্ণয় কর।
ঘ. উদ্দীপকে কে-ব্রাদার্সের অর্জিত মুনাফার সাথে ব্রেক ইভেন বিন্দুর সম্পর্ক মূল্যায়ন কর।

১০।জনাব সফর আলী ও তার কয়েক বন্ধ মিলে সিলেটের কাছে জালালাবাদে 'দধ সাগর' নামে একটি দগ্ধ খামার স্থাপন করলেন।

সিলেট শহর জনবহুল হওয়ায় দুধ বিক্রিতে কোনো সমস্যা হয় না। সম্প্রতি বেস্ট মিল্ক নামের একটি নতুন ডেইরি ফার্ম তাদের উৎপাদিত দুধ ৫০০ মি. লি. ও ১ লি. ইত্যাদি পরিমাণ প্যাকেট করে ক্রেতাদের নিকট পৌঁছে দিচ্ছেন। প্রতিষ্ঠান নতুন হলেও সেবার কারণে তাদের বিক্রি দিন দিন বৃদ্ধি পাচ্ছে। বিষয়টি নিয়ে জনাব সফর আলী বেশ চিন্তিত।

ক. ক্রয় কী?

খ. বিক্রয়োত্তর সেবা বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর।

গ. বেস্ট মিল্ক নামক ডেইরি ফার্মের বিক্রয় বৃদ্ধির কারণ কী? ব্যাখ্যা কর।

ঘ. দুধ সাগর নামক দুগ্ধ খামারটি কী কী পদক্ষেপ গ্রহণ করলে বিক্রয় বৃদ্ধি করতে পারবে? তার সপক্ষে তোমার মতামত দাও।

১১। "জনি ফ্যাশন হাউজ" এর মালিক জনাব শামছুল আলম। তিনি ঢাকার বিভিন্ন গার্মেন্টস থেকে রুচিসম্মত বিভিন্ন ডিজাইনের তৈরি পোশাক ক্রয় করে মূল্যের সাথে ২৫% মুনাফা যোগ করে বিক্রয় মূল্য নির্ধারণ করেন। আসন্ন ঈদ ও পুজা উপলক্ষ্যে তিনি ২৫% মুনাফার পরিবতে ১৫% মুনাফায় বিক্রয় মূল্য নির্ধারণ করেন। ১০% ছাড় দেওয়ায় ক্রেতারা তার দোকানের প্রতি আকৃষ্ট হয়েছেন।

ক. মূল্য কী?

খ. পণ্যের জীবন চক্র বলতে কী বুঝায়?

গ. উদ্দীপকে "জনি ফ্যাশন হাউজ" এর মালিক জনাব শামছুল আলম মূল্য নির্ধারণের ক্ষেত্রে কোন পদ্ধতি অনুসরণ করেন? ব্যাখ্যা কর।

ঘ. বিপণন মিশ্রণের যে উপাদানের কারণে জনি ফ্যাশন হাউজ প্রতি ক্রেতারা আকৃষ্ট হয়েছেন তার গুরুত্ব বিশ্লেষণ কর।

পাংশা সরকারি কলেজ

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন- ২য় পত্র

১. জনাব রায়হান হ্যান্ড পেইন্ট এর উপর প্রশিক্ষণ নেন। তার এ অভিজ্ঞতা কাজে লাগিয়ে তিনি বিভিন্ন সুতি কাপড়ের শাড়ি ও থ্রিপিস তৈরি করেন এবং বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে তার তৈরিকৃত পণ্যের প্রসারমূলক কার্যক্রম চালিয়ে যাচ্ছেন। পরবর্তীতে মিসেস ফারহানাকে তাদের কর্মচারী হিসেবে নিয়োগ দিয়ে একটি শোরুম খোলেন মিসেস ফারহানা ক্রেতাদের সাথে ভালো আচরণ করেন। তাদেরকে পণ্য সম্পর্কে বিভিন্ন তথ্য প্রদান করে ক্রে আগ্রহী করে তোলেন এবং সর্বশেষ তাদের নিকট পণ্যের মালিকানা হস্তান্তর করেন। জনাব রায়হান এখন একজন সফল ব্যবসায়ী।

ক. কোন সময়কালকে বিক্রয় যুগ বলা হয়।

খ. "বিপণন গতিশীল প্রক্রিয়া" -ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকে জনাব রায়হানের কার্যক্রম বিপণন ক্রমবিকাশের কোন পর্যায়ের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর।

ঘ. উদ্দীপকে জনাব রায়হান এবং মিসেস ফারহানার কার্যক্রমের ধরন উল্লেখপূর্বক তুলনামূলক বিশ্লেষণ কর।

২. দৃশ্যকল্প-১: জনাব হারুন রাজশাহীর একজন আমচাষী। আমের ফলন বেশি হওয়ায় তিনি রাজশাহীসহ দেশের বিভিন্ন অঞ্চলে সরবরাহ করেন। ফলে নির্দিষ্ট অঞ্চলে আম উৎপাদন হলেও সারা দেশের মানুষ তা ভোগ করতে পারছে।

দৃশ্যকল্প-২: জনাব রাশেদ একজন আলুচাষী। ছোট, মাঝারি, বড় সব সাইজের আলু একসাথে থাকলে বিক্রয়ে অসুবিধা হবে। তাই তিনি উৎপাদনকৃত আলু ছোট, মাঝারি এবং বড় সাইজে আলাদা করেন। এতে বিক্রয় কার্যক্রম সহজ হয়।

ক. বিপণন কী?

খ. "গুদামজাতকরণ ঝুঁকি হ্রাস করে" ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকের দশ্যকল্প-১ এ জনাব হারুন বিপণনের কোন কাজ সম্পাদন করেছেন? ব্যাখ্যা কর।

ঘ. উদ্দীপকের দৃশ্যকল্প-২ এ জনাব রাশেদ কি ক্রেতা সন্তুষ্টি অর্জনে সক্ষম? সম্পাদিত বিপণন কার্যাবলির উল্লেখপূর্বক মতামত বিশ্লেষণ কর।

৩. জনাব সেলিম তার ডেইরি ফার্মে ৫০টি গরু পালন করেন। গরুর দুধ দিয়ে তিনি গুড়া দুধ তৈরি করেন যার নাম কেন "সোনালী"। "সোনালী" গুড়াদুধ বাচ্চাদের এবং বয়স্কদের উপযোগী করে (আলাদা আলাদা ভাবে) তৈরি করেন তিনি বিভিন্ন উপায়ে "সোনালী" গুড়াদুধের পরিচিতিকরণের ব্যবস্থা করেন। সম্প্রতি তিনি বিনামূল্যে পণ্য প্রদান কর্মসূচিও গ্রহণ করেন। ফলে "সোনালী" গুড়াদুধ ভোক্তাদের নিকট বেশ গ্রহণযোগ্য হয়ে উঠে।

ক. পণ্য একত্রীকরণ কী?

খ. "শিল্প বাজারের চাহিদা অনমনীয়" ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকে জনাব সেলিম "সোনালী" গুড়াদুধ তৈরিতে বাজার বিভক্তিকরণের কোন চলক ব্যবহার করেন। বখকর।

ঘ. তুমি কি মনে কর জনাব সেলিমের ব্যবহৃত বিপণন মিশ্রণের হাতিয়ারটি প্রতিযোগিতায় টিকে থাকতে পারে সপক্ষে যুক্তি দেখাও।

৪. দৃশ্যকল্প-১: বর্তমানে বাজারে ক্রিস্টাল পুতির ব্যাগের চাহিদা বেশি। তাই মিসেস রাবেয়া "হক স্টোর" থেকে "উলেটকে পুঁতি ও রক সুতা ক্রয় করেন এবং তা দিয়ে নান্দনিক ডিজাইনের ব্যাগ তৈরি করে বাজারে বিক্রয় করেন

দৃশ্যকল্প-২: মিসেস আয়েশা কাজী স্টোর থেকে নিজের ব্যবহার্য জিনিসপত্র যেমন- তেল, শ্যাম্পু আয়েশার বডিলোশন ইত্যাদি ক্রয় করেন এবং উক্ত পণ্য সামগ্রী ব্যবহার করে তিনি বেশ সন্তুষ্ট।

ক. বাজার কী?

খ) ভোক্তাদেরকে কেন বিপণন মিশ্রণের কেন্দ্রবিন্দুতে রাখা হয়? ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকের দৃশ্যকল্প-২ এ মিসেস আয়েশা কোন বাজারের সদস্য? ব্যাখ্যা কর।

ঘ)উদ্দীপকের দৃশ্যকল্প-১ এ মিসেস রাবেয়া যে বাজারের সদস্য দেই বাজারের ক্রেতারা কী নিজেরাই ক্রয় সিয়া গ্রহণ করে থাকেন? সপক্ষে মতামত বিশ্লেষণ কর।

৫. মানিক মিয়া একজন টমেটো চাষী। তাই প্রথম পর্যায়ে তিনি উৎপাদিত টমেটো থেকে বর্তমান চাহিদার অতিরিক্ত টমেটো সংরক্ষণের ব্যবস্থা নেন। যাতে মৌসুমের বাইরেও ক্রেতারা চাহিদামতো টমেটো ভোগ করতে পারে। দ্বিতীয় পর্যায়ে তিনি টমেটো বিক্রয়ের ব্যাপারেও চিন্তা ভাবনা করতে থাকেন এবং বিক্রয় সুবিধার্থে তিনি চিন্তা করলেন, টমেটোকে তিনি ছোট, মাঝারি, বড়, কাচা, পাকা ইত্যাদিতে আলাদা করবেন।

ক. মূল্য কী?

খ. "পণ্যের আকর্ষণ বৃদ্ধিতে মোড়কীকরণ ভূমিকা রাখে"-ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকের দ্বিতীয় পর্যায়ে মানিক মিয়া বিপণনের কোন কাজ সম্পাদন করেন- ব্যাখ্যা কর।

ঘ. উদ্দীপকের প্রথম পর্যায়ে মানিক সম্পাদিত বিপণন কার্যাবলির ফলে চাহিদা ও যোগানের সমতা রক্ষা করা সম্ভব উত্তরের সপক্ষে যুক্তি দেখাও।

৬. 'ক' কোম্পানি পাঁচ কোটি টাকা মূলধন বিনিয়োগ করে তাদের ব্যবসায় কার্যক্রম শুরু করেন। উক্ত কোম্পানি মোট ব্যয় এর ২০% মুনাফা অর্জন করতে চায়। তাদের উৎপাদিত পণ্যের একক প্রতি পরিবর্তনশীল ব্যয় ৪০ টাকা, মোট স্থায়ী ব্যয় ১ কোটি টাকা এবং প্রত্যাশিত বিক্রয়ের পরিমাণ ২,০০,০০০ একক।

ক. অযাচিত পণ্য কী?

খ. ভ্যালুভিত্তিক মূল্য নির্ধারণ উদাহরণসহ ব্যাখ্যা কর।

